গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
জামালগঞ্জ, সুনামগঞ্জ।
www.jamalganj.sunamganj.gov.bd

"নিয়োগ বিজ্ঞপ্তি"

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরীর শর্তাবলী সম্পর্কিত বিধিমালা, ২০১৫ এর বিধি ৭(১) এবং ৭(২) এর উপবিধি (১) এর আলোকে জামালগঞ্জ উপজেলার নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদের নামের পার্শ্বে উল্লিখিত ওয়ার্ডসমূহে মহল্লাদারের শূন্য পদে লোক নিয়োগের নিমিত্ত নিম্নোক্ত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্র: নং	ইউনিয়ন পরিষেদের নাম	পদের নাম	ওয়ার্ড নং	মহল্লাদারের শূন্য পদের সংখ্যা	সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়স সীমা	নিয়োগ পদ্ধতি	প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা	মন্তব্য
১	সাচনাবাজার	মহল্লাদার	ওয়ার্ড নং-২, ৩, ৪, ৫ ও ৬	৫টি	অনুর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণী উর্ত্তিণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উর্ত্তিণ	বেতন সর্বসাকুল্যে সরকারী অংশ ৩২৫০/- টাকা এবং ইউপি অংশ ৩২৫০/- টাকা অন্যান্য সুবিধাদি সরকার কর্তৃক নির্ধারিত হারে প্রাপ্য হবেন।
২	ভীমখালী	ঐ	ওয়ার্ড নং-১, ৭ ও ৮	৩টি	অনুর্ধ্ব ৩০ বৎসর	ঐ	ঐ	
৩	বেহেলী	ঐ	ওয়ার্ড নং-১, ৫ ও ৯	৩টি	অনুর্ধ্ব ৩০ বৎসর	ঐ	ঐ	
৪	ফেনারবাঁক	ঐ	ওয়ার্ড নং-২, ৩, ৪ ও ৯	৪টি	অনুর্ধ্ব ৩০ বৎসর	ঐ	ঐ	

শর্তাবলী :

০১। আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, বয়স/ জন্ম তারিখ(জন্ম সনদ দাখিল করতে হবে), ভোটার আইডি নম্বর, ধর্ম, স্থায়ী ঠিকানা ও বর্তমানা ঠিকানা (ওয়ার্ড নং সহ), প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা, মোবাইল ফোন নাম্বার (সচল) শারিরীক যোগ্যতার মাপ উল্লেখপূর্বক উপজেলা নির্বাহী অফিসার, জামালগঞ্জ, সুনামগঞ্জ বরাবরে A4 সাইজের কাগজে আবেদন দাখিল করতে হবে।

০২। ১০/০৩/২০২০ খ্রি: তারিখে প্রার্থীর বয়স ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে এবং মুক্তিযোদ্ধাদের স্বপক্ষে প্রমাণসহ ১৮ থেকে ৩২ বছর হতে হবে।

০৩। আবেদনপত্রের সাথে শিক্ষগত যোগ্যতার সত্যায়িত কপি, ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদ, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদ, ভোটার আইডি কার্ড/ জন্ম সনদের সত্যায়িত কপি, সম্প্রতি তোলা ০৩ কপি রঙিন পাসপোর্টসাইজ ছবি সত্যায়িত দাখিল করতে হবে।

০৪। শারিরীক যোগ্যতা :

পুরুষ প্রার্থির ক্ষেত্রে –

(ক) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি

(খ) বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক); ৩২ ইঞ্চি (সম্প্রসারণ)

(গ) সর্বনিম্ন ওজন ৫০ কেজি

মহিলা প্রার্থির ক্ষেত্রে –

(ক) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট

(খ) সর্বনিম্ন বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক); ৩০ ইঞ্চি (সম্প্রসারণ)

(গ) সর্বনিম্ন ওজন ৪৫ কেজি

০৫। নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট ওয়ার্ডের প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। সংশ্লিষ্ট ওয়ার্ড থেকে প্রার্থী না পাওয়া গেলে ইউনিয়ন হতে প্রার্থী বাছাই করা হবে।

০৬। মৃত/ অবসর প্রাপ্ত মহল্লাদার এর পুত্র, কন্যা বা প্রত্যক্ষ পোষ্যদের নিয়োগের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে।

০৭। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ/ বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

০৮। মৌখিক/লিখিত পরীক্ষার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৯। প্রার্থীর বয়স নির্ধারণের ক্ষেত্রে কোন প্রকার এফিডেবিট গ্রহণযোগ্য হবে না।

১০। নিয়োগ প্রাপ্ত মহল্লাদারকে সংশ্লিষ্ট থানায় ০১(এক) মাসের প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। কোন মহল্লদার যথাযথভাবে তার প্রশিক্ষণ সমাপ্ত করতে ব্যর্থ হলে তার নিয়োগ বাতিল করাসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১১। নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। আবেদনপত্র আগামী ১০/০৩/২০২০ খ্রি: তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে উপজেলা নির্বাহী অফিসার, জামালগঞ্জ, সুনামগঞ্জ এর কাযালয়ে সরাসরি জমা দিতে হবে। আবেদনপত্রের খামের উপরে 'মহল্লাদার পদের জন্য আবেদন' উল্লেখ করতে হবে।

১৩। কোন প্রার্থীর সুপারিশ তার অযোগ্যতা হিসেবে গণ্য করা হবে।

১৪। উক্ত নিয়োগ বিজ্ঞপ্তিটি কম্পিউটারে টাইপকৃত। কোন প্রকার ভুল পরিলক্ষিত হলে তা সংশোধনযোগ্য।

২০/০২/২০২০

(প্রিয়াংকা পাল)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
মহল্লাদার নিয়োগ বাছাই কমিটি
জামালগঞ্জ, সুনামগঞ্জ।

স্মারক নং-০৫.৪৬.৯০৫০.০০০.০০.১১২.২০- ১২৩/১ (৩০) তারিখ : ২০ /০২/২০২০।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।

২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।

৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালগঞ্জ, সুনামগঞ্জ।

৪। উপজেলা----------অফিসার, জামালগঞ্জ, সুনামগঞ্জ।

৪। উপজেলা প্রকৌশলী ও সদস্য, মহল্লাদার নিয়োগ বাছাই কমিটি, জামালগঞ্জ, সুনামগঞ্জ।

৫। অফিসার ইন-চার্জ, জামালগঞ্জ থানা ও সদস্য, মহল্লাদার নিয়োগ বাছাই কমিটি, জামালগঞ্জ, সুনামগঞ্জ।

৬। চেয়ারম্যান, ভীমখালী/ফেনারবাঁক/বেহেলী/সাচনাবাজার ইউনিয়ন পরিষদ ও সদস্য, মহল্লাদার নিয়োগ বাছাই কমিটি, জামালগঞ্জ, সুনামগঞ্জ (বিজ্ঞপ্তিটি স্ব-স্ব ইউনিয়নে মাইকযোগে প্রচার করা সহ ইউনিয়ন পরিষদের ওযেব পোর্টালে আপলোড এবং নোটিশ বোর্ডে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।

৭। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা ও সদস্য সচিব, মহল্লাদার নিয়োগ বাছাই কমিটি, জামালগঞ্জ, সুনামগঞ্জ।

৮। টেকনিশিয়ান, উপজেলা নির্বাহী অফিসারের কাযালয়, জামালগঞ্জ(তাকে বিজ্ঞপ্তিটি অত্রাফিসের ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।

৯। নোটিশ বোর্ড/অফিস কপি।

২০/০২/২০২০

(প্রিয়াংকা পাল)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
মহল্লাদার নিয়োগ বাছাই কমিটি
জামালগঞ্জ, সুনামগঞ্জ।